# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৫৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৭. রাসূলুল্লাহ (ﷺ) এর উযুর বর্ণনা

بَابُ وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ الْقَاسِمِ بْنِ زَكَرِيَّا الْمُحَارِبِيُّ ، نَا عَبَّادُ بْنُ يَعْقُوبَ ، نَا مُحَمَّدُ بْنُ الْفَضْلِ ، عَنْ زَيْدٍ الْعَمِّيِّ ، عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ ، قَالَ : دَعَا رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِمَاءٍ فَتَوَضَّأَ بِهِ مَرَّةً مَرَّةً ثُمَّ قَالَ : " هَذَا وَظِيفَةُ الْوُضُوءِ الَّذِي لَا يَقْبَلُ اللَّهُ صَلَاةً إِلَّا بِهِ " . ثُمَّ دَعَا بِمَاءٍ فَتَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ ثُمَّ قَالَ : " هَذَا وُضُوءٌ مَنْ تَوَضَّأَ بِهِ كَانَ لَهُ أَجْرُهُ مَرَّتَيْنِ " . ثُمَّ مَكَثَ سَاعَةً ثُمَّ دَعَا بِمَاءٍ فَتَوَضَّأَ ثَلَاثًا ثَلَاثًا ثُمَّ ، قَالَ : " هَذَا وُضُوئِي وَوُضُوءُ النَّبِيِّينَ قَبْلِي

বাংলা

২৫৩(১). মুহাম্মাদ ইবনুল কাসেম ইবনে যাকারিয়া আল-মুহারিবী (রহঃ) ... আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পানি নিয়ে ডাকলেন। তিনি তা দিয়ে উযুর অঙ্গগুলো একবার করে ধৌত করেন, অতঃপর বলেনঃ এটা উযুর নিয়ম যা ব্যতীত আল্লাহ নামায কবুল করেন না। তারপর তিনি পানি নিয়ে ডাকলেন। তিনি এবার উযুর অঙ্গগুলো দুইবার করে ধৌত করেন, অতঃপর বলেনঃ এটা হলো উযু। যে ব্যক্তি এই উযু করবে তার জন্য রয়েছে দ্বিগুণ সওয়াব। ক্ষণিক পর তিনি আবার পানি নিয়ে ডাকলেন। এবার তিনি উযুর অঙ্গগুলো তিনবার করে ধৌত করলেন, অতঃপর বলেনঃ এটা হলো আমার উযু এবং আমার আগেকার নবীগণের উযু।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন